


প্রেস রিলিজ

ঢাকা, ১৬ সেপ্টেম্বর

সহকারী সচিব (ক্যাডার বহির্ভূত) পদে পদোন্নতি

সরকার ৬৪জন প্রশাসনিক/ ব্যক্তিগত কর্মকর্তাকে জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী ৯ম গ্রেডে (২২০০০/- - ৫৩০৬০/-) সহকারী সচিব (ক্যাডার বহির্ভূত) পদে পদোন্নতি প্রদান করেছে। বাংলাদেশ সরকারী কর্মকমিশনের সুপারিশের ভিত্তিতে তাদের পদোন্নতি প্রদান করা হয়। জনপ্রশাসন মন্ত্রণালয় ১৩ সেপ্টেম্বর ২০১৮ এই সংক্রান্ত প্রজ্ঞাপন জারি করে। উপসচিব নাঈমা হোসেন স্বাক্ষরিত প্রজ্ঞাপনে জানানো হয় যে পদোন্নতিপ্রাপ্তদের জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (সহকারী সচিব-ক্যাডার বহির্ভূত) পদে নিয়োগ প্রদান করা হয়েছে। সংশ্লিষ্ট প্রজ্ঞাপনটি পেতে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েবসাইট www.mopa.gov.bd ভিজিট করতে অনুরোধ করা যাচ্ছে।



এ এইচ এম মাসুম বিল্লাহ
সিনিয়র তথ্য অফিসার
জনপ্রশাসন মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০১৯৭৪-০৬৮৫২০